

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

চট্টগ্রাম সিটি কর্পোরেশন  
রাজস্ব বিভাগ  
[www.ccc.org.bd](http://www.ccc.org.bd)


আপনার সমস্যা-পরামর্শ  
চট্টগ্রাম সিটি কর্পোরেশনের  
১৬১০৪ নম্বরে জানান

অবৈধ সাইনবোর্ড, ডিসপ্লে বোর্ড ইত্যাদি অপসারণের

## জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিটি কর্পোরেশনসমূহের কর বিধি ১৯৮৬ এর ৭৪ অনুযায়ী কর্পোরেশনের অনুমোদন সাপেক্ষে এবং আদর্শ কর তফশিল ২০১৬ এর ২৯৮ অনুচ্ছেদ অনুযায়ী নির্ধারিত ফি প্রদানপূর্বক বিজ্ঞাপন প্রচার করার বিধান রয়েছে। স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ এর ৯২ ধারা (৪৩) অনুযায়ী কর্পোরেশন কর্তৃক নির্ধারিত কোন স্থান ব্যতিত অন্য কোন স্থানে বিজ্ঞাপন, নোটিশ প্ল্যাকার্ড বা অন্য কোন প্রকার প্রচার পত্র সাঁটিয়া দেয়া দণ্ডনীয় অপরাধ। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকা/ভূমিতে নীতিমালা বহির্ভূত সাইনবোর্ড, ডিসপ্লে বোর্ড ইত্যাদি স্থাপন করা হচ্ছে যা বিদ্যমান আইনের পরিপন্থী। চট্টগ্রাম মহানগরীকে পরিকল্পিত ও নান্দনিক নগরী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সিটি কর্পোরেশন এলাকায় স্থাপিত সকল প্রকার অননুমোদিত সাইনবোর্ড, ডিসপ্লে বোর্ড ইত্যাদি নিজ উদ্যোগে জরুরী ভিত্তিতে আগামী ০৭(সাত) দিনের মধ্যে অপসারণের জন্য অনুরোধ করা হলো।

অন্যথায়, চট্টগ্রাম সিটি কর্পোরেশন ড্রাম্যমান আদালত কর্তৃক অবৈধ সাইনবোর্ড, ডিসপ্লে বোর্ড ইত্যাদি উচ্ছেদ করে যাবতীয় খরচাদি আদায়পূর্বক সরঞ্জাম জব্দসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধিমতে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
কর্তৃপক্ষ

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৫.১১. ১৬৫৬. ০০৬. ১৫. ৫১৪-১৫. ৩১(৬)

তারিখ: ২৫/০২/১৭